# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২২৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮১. সফরে সুন্নত ও নফল নামায পড়া।

باب التَّطَوُّعِ فِي السَّفَرِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، حَدَّثَنَا عِيسَى بْنُ حَفْصِ بْنِ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ، عَنْ أَبِيهِ، قَالَ صَحِبْتُ ابْنَ عُمَرَ فِي طَرِيقٍ ـ قَالَ ـ فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ ثُمَّ أَقْبَلَ فَرَأَى نَاسًا قِيَامًا فَقَالَ مَا يَصْنَعُ هَؤُلاَءِ قُلْتُ يُسَبِّحُونَ . قَالَ لَوْ كُنْتُ مُسَبِّحًا أَتْمَمْتُ صَلاَتِي يَا ابْنَ أَخِي إِنِّي صَحِبْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فِي السَّفَرِ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللَّهُ عَزَّ وَجَلَّ وَصَحِبْتُ أَبَا بَكْرٍ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللَّهُ عَزَّ وَجَلَّ وَصَحِبْتُ عُمَرَ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللَّهُ تَعَالَى وَصَحِبْتُ عُثْمَانَ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللَّهُ تَعَالَى وَقَدْ قَالَ اللَّهُ عَزَّ وَجَلَّ ‏(‏ لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللَّهِ أُسْوَةٌ حَسَنَةٌ ‏)‏ ‏.‏

বাংলা

১২২৩. আল-কানবী (রহঃ) ..... হাফস ইবন আসিম (রহ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ইবন উমার (রাঃ) এর সাথে সফরে গেলাম। তিনি পথিমধ্যে আমাদের সাথে দুই রাকাত ফরয নামায আদায় করেন। অতঃপর তিনি মুখ ফিরিয়ে দেখতে পান যে কিছু সংখ্যক লোক দাঁড়িয়ে আছে। তিনি জিজ্ঞেস করেন, এরা কি করছে? আমি বললাম, তাঁরা নফল নামায পড়ছে। তিনি বললেন, হে আমার ভ্রাতুষ্পুত্র! যদি আমি নফল নামায আদায় করতে পারতাম তবে ফরয নামাযে চার রাকাতই আদায় করতাম। অতঃপর তিনি বলেন, বহু সফরে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সফরসঙ্গী ছিলাম। কিন্তু আমি কখনও তাঁকে তাঁর ইন্তিকালের পূর্ব পর্যন্ত দুই রাকাতের অধিক নামায আদায় করতে দেখিনি। আমি বহু সফরে আবু বাকর (রাঃ) এর সফরসঙ্গী ছিলাম, কিন্ত তাঁকেও তাঁর ইন্তিকালের পূর্ব পর্যন্ত দুই রাকাতের অধিক নামায আদায় করতে দেখিনি। তিনি আরও বলেন, আমি উমার (রাঃ) ও উসমান (রাঃ) এর সফরসঙ্গী ছিলাম, কিন্ত তাদেরকেও তাদের ইন্তিকালের পূর্ব পর্যন্ত দুই রাকাতের অধিক নামায আদায় করতে দেখিনি। কেননা আল্লাহ তাআলা ইরশাদ করেছেনঃ “তোমাদের জন্য আল্লাহ্‌র রাসুলের মধ্যে উত্তম আদর্শ নিহিত রয়েছে”। (বুখারি, মুসলিম, নাসাই, ইবন মাজা)।

## English

Narrated Hafs b. 'Asim:
I accompanied Ibn 'Umar on the way (on a journey). He led us in two rak'ah's of (the noon) prayer. Then he proceeded and saw some people standing. He asked: What are they doing ? I replied: They are glorifying Allah (i.e. offering supererogatory prayer). He said: If I had offered the supererogatory prayer (while travelling), I would have completed prayer, my cousin. I accompanied the Messenger of Allah (ﷺ) during the journey, he did not pray more than two raka'at until his death. I also accompanied Abu Bakr, and he prayed two raka'at and nothing more until he died. I also accompanied 'Umar, and he prayed two raka'at and nothing more until he died. I also accompanied 'Uthman, and he prayed two raka'at and nothing more until he died. Indeed Allah, the Exalted, said: "Certainly you have in the Messenger of Allah an excellent exemplar"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ হাফস ইবনু ‘আসিম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32923

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন